

জিন্দালদের সিমেন্ট কারখানার গেটে চাকরির দাবিতে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর, ৩১ মার্চ— শালবনিতে জিন্দালদের সিমেন্ট কারখানা তৈরির প্রায় ৮০ শতাংশ কাজ শেষ। খুব শীঘ্রই কারখানাটি চালু হবে। কিন্তু জমিদার পরিবারগুলির একজনও চাকরি না পাওয়ায় ফের আন্দোলন শুরু হয়েছে। জমিদারদের পক্ষে পরিষ্কার মাহাত বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কারখানার শিলান্যাস করার সময় জিন্দালগোষ্ঠীর কর্ণধার ~~সুজাতা জিন্দাল~~ ^{সুজাতা জিন্দাল} প্রতিশ্রুতি দিয়েছিলেন। যে জমিদারদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। জিন্দাল কর্তৃপক্ষ ২০১৭ সালের ৩১ মার্চের মধ্যে জমিদারদের কারখানায় কাজ দেওয়া হবে বলে জানালেও শুক্রবার পর্যন্ত একজনও কাজ পায়নি। পরিষ্কার মাহাত বলেন, কারখানায় এ পর্যন্ত যাদের নিয়োগ করা হয়েছে তারা সকলেই বাইরের। শালবনির একজনকেও নিয়োগ করা হয়নি। তাই বাধ্য হয়ে চাকরির দাবিতে শুক্রবার বিকালে কারখানার গেটের সামনে জমিদার পরিবারগুলির সদস্যরা বিক্ষোভ দেখায়। পরিষ্কার বলেন, জমিদার পরিবারগুলির সদস্যদের চাকরির ব্যবস্থা না করলে আগামীদিনে কারখানার গেটের সামনে লাগাতার আন্দোলন হবে।